

রক্ত এবং রক্ত সম্পর্কিত বিভিন্ন তথ্য

❖ দীপালোক ভট্টাচার্য্য।

রক্ত দান জীবন দান। আমাদের সবার মধ্যে একটা ভয় ক্রিয়া করে রক্ত দান নিয়ে। রক্ত দানে সবারই একটা অনীহা দেখা যায়। যুব সমাজের একটা অংশ পিছিয়ে যাচ্ছে রক্ত দান থেকে। কিন্তু এই মহৎ দানের তাৎপর্য মানবকল্যাণে অপরিমিত। রক্ত দান বিষয়ক কিছু দ্রষ্টব্য বিষয় -

ক। ১৮ থেকে ৬৫ বছর বয়স্ক যে কোনো সুস্থ ব্যক্তি রক্ত দান করতে পারে।

খ। রক্ত দাতার ওজন ন্যূনতম ৪৫ কেজি হতে হবে।

গ। রক্ত দাতা প্রত্যেক তিন মাস অন্তর রক্ত দান করতে পারে।

ঘ। রক্ত দানে দাতার রক্ত বিভিন্ন মাধ্যমে পরীক্ষিত হয়।

যেমন :- HIV, STDs (Gonorrhoea, Syphilis) Malaria, Hepatitis ইত্যাদি।

ঙ। রক্ত দানে দাতা তার দেহের অতিরিক্ত রক্ত দান করার ফলে রক্ত দাতার দেহের কোনো আভ্যন্তরীণ ক্ষতি হয় না।

চ। আমাদের দেহে লোহিত রক্ত কণিকার (R.B.C) স্থায়িত্ব কাল ৯০ দিন (3 Months), ফলে রক্ত দানের তিন মাসের মধ্যে রক্ত পূর্ণ হয়ে যায় দাতার দেহে।

ছ। রক্ত দানের সময় রক্ত দাতার দেহ থেকে ৩৫০ মি: লি: রক্ত গ্রহণ করা হয়।

জ। রক্ত রক্ততঞ্চন রোধক পদার্থ দিয়ে সংরক্ষিত করা হয় (Anticoagulant).

(Two types of anticoagulant are - Citrate Phosphate Dextrose Adenine & SGAM).

ঝ। রক্তকে মূলত : আটটি ভাগে ভাগ করা হয় - A +ve (A Positive), B +ve (B Positive), AB +ve (AB Positive), O +ve (O Positive), A -ve (A Negative), B -ve (B Negative), AB -ve (AB Negative), O -ve (O Negative) ইত্যাদি।

ঞ। O Group (O +ve & -ve) কে সার্বজনীন দাতা (Universal Doner) এবং AB Group

(AB +ve & -ve) কে সার্বজনীন গ্রহীতা (Universal recipient) বলা হয়।

ট। উন্নত চিকিৎসা বিজ্ঞান প্রযুক্তির যুগে এখন রক্ত দাতা এবং গ্রহীতা কে একই গ্রুপের অন্তর্ভুক্ত রক্ত প্রদান করায়।

বিশেষ দ্রষ্টব্য :- গ্রহীতা যে রক্ত গ্রুপের অন্তর্ভুক্ত সেই গ্রুপের অন্তর্ভুক্ত রক্তই প্রদান করা হয়।

সার্বজনীন দাতা ও সার্বজনীন গ্রহীতা এই নীতি চিকিৎসা বিজ্ঞানে এখন প্রচলিত হয় না।

ঠ। রক্ত রোগীকে দেওয়ার পূর্বে Cross Matching করা হয়। দাতার রক্ত এবং গ্রহীতার সিরাম (রক্তের জলীয় অংশ সেন্ট্রিফিউজ করার পর) যদি Agglutination ঘটে তাহলে এই রক্ত প্রদান করা হয় না।

অ্যাগ্লুটিনেশন (Agglutination) মূলত অ্যান্টিজেন (Antigen) এবং অ্যান্টিবডি (Antibody) বিক্রিয়ায় (Reaction) সংঘটিত হয়।

- ড। রক্ত রোগীকে প্রদানের আগে রক্তের গ্রুপ দেখা হয়।
ঢ। রক্তকে ৪° সেলসিয়াস (4°C) তাপমাত্রায় সংরক্ষন করা হয়।
ণ। রক্ত দাতা থেকে সংগ্রহ করার পর উন্নত চিকিৎসা বিজ্ঞানে রক্ত থেকে Platelets, শ্বেত রক্ত কণিকা (W.B.C), লোহিত রক্ত কণিকা (R.B.C) আলাদা করা হয় এবং প্রয়োজন অনুসারে রোগীকে দেওয়া হয়।

“ রক্ত দানের চেয়ে মহৎ কাজ-
নাই যে ভুবনে।
রক্ত দানে তুমি - আমি বেঁচে আছি থানে,
রক্ত দানে বাঁচবে এ ধরা,
বড়ো প্রয়োজন রক্ত দানে অগ্রসর হওয়া।
